# চাকসু নির্বাচন হবে ২৮ পদে

শিক্ষার্থীদের দাবি অনুযায়ী পরিবর্তন হয়েছে গঠনতন্ত্র




*ছবি: সংগৃহীত*

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

প্রকাশ: ১৩ সেপ্টেম্বর ২০২৫ | ২১:১৭

- অ +

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু) নির্বাচন হবে ২৮টি পদে। নির্বাচন সামনে রেখে সংশোধন করা হয়েছে গঠনতন্ত্র। নতুন গঠনতন্ত্রে সহ-সমাজসেবা, পরিবেশ ও মানবাধিকারবিষয়ক সম্পাদক, সহ-গবেষণা ও উদ্ভাবনবিষয়ক সম্পাদক, সহ-বিজ্ঞান ও তথ্যপ্রযুক্তিবিষয়ক সম্পাদক, সহ-স্বাস্থ্যবিষয়ক সম্পাদক পদ বাদ দিয়ে যুক্ত করা হয়েছে চারটি

মূল পদ। গতকাল শনিবার মধ্যারাতে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ হওয়ার কথা। ১৪ সেপ্টেম্বর শুরু হবে মনোনয়নপত্র বিতরণ। প্রায় তিন যুগ পর চাকসু নির্বাচন হতে যাচ্ছে ১২ অক্টোবর।

বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি (প্রশাসন) ও গঠনতন্ত্র প্রণয়ন কমিটির প্রধান অধ্যাপক ড. মো. কামাল উদ্দিন শনিবার এসব তথ্য নিশ্চিত করেছেন। সহ-সম্পাদকের চারটি পদ বাদ দিয়ে যুক্ত করা হয়েছে সমাজসেবা ও পরিবেশবিষয়ক সম্পাদক, আইন ও মানবাধিকারবিষয়ক সম্পাদক, মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলনবিষয়ক সম্পাদক এবং ক্যারিয়ার ডেভেলপমেন্ট ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক পদ। মোট পদ অপরিবর্তিত, অর্থাৎ ২৮টিই থাকছে। একই সঙ্গে হল সংসদ থেকেও সব সহ-সম্পাদকের পদ বাদ দেওয়া হয়েছে।

গঠনতন্ত্র প্রণয়ন কমিটির প্রধান অধ্যাপক মো. কামাল উদ্দিন সমকালকে বলেন, ‘নির্বাচনের তপশিল ঘোষণার দিন শিক্ষার্থীরা অনেক দাবি উত্থাপন করেছিল গঠনতন্ত্র সংশোধনের জন্য। সেই অনুযায়ী বৈঠক করে তাদের দাবি বিবেচনায় গঠনতন্ত্র সংশোধন করেছি।’

১৪ থেকে ১৬ সেপ্টেম্বর সকাল ৯টা থেকে বিকেল সাড়ে ৩টা পর্যন্ত প্রার্থীরা মনোনয়নপত্র সংগ্রহ করতে পারবেন। মনোনয়নপত্র জমা নেওয়া হবে ১৫ থেকে ১৭ সেপ্টেম্বর পর্যন্ত। যাচাই-বাছাই হবে ১৮ সেপ্টেম্বর। প্রাথমিক প্রার্থী তালিকা প্রকাশ হবে ২১ সেপ্টেম্বর এবং প্রার্থিতা প্রত্যাহারের শেষ সময় ২৩ সেপ্টেম্বর বিকেল সাড়ে ৩টা পর্যন্ত। চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ হবে ২৫ সেপ্টেম্বর।